



## জামায়াত আমির ডা. শফিকুর রহমানের ওপেন হার্ট সার্জারি সফলভাবে সম্পন্ন



সংগৃহীত ছবি

জামায়াত আমির ডা. শফিকুর রহমানের ওপেন হার্ট সার্জারি সফলভাবে সম্পন্ন হয়েছে। শনিবার (২ আগস্ট) রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে তাঁর অস্ত্রোপচার হয়। হার্টে পাঁচটি ব্লকের মধ্যে তিনটি গুরুতর ছিল। দেশেই চিকিৎসা গ্রহণ করে তিনি সাধারণ মানুষের আস্থা ফেরানোর বার্তা দিয়েছেন।

জামায়াত ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের ওপেন হার্ট সার্জারি সফলভাবে সম্পন্ন হয়েছে। শনিবার (২ আগস্ট) সকাল ৭টায় তাকে অপারেশন থিয়েটারে নেয়া হয় এবং দুপুর ১২টা ৩০ মিনিটে অস্ত্রোপচার শেষ হয়। সার্জারির নেতৃত্বে থাকা হার্ট বিশেষজ্ঞ ডা. জাহাঙ্গীর কবির জানান, পুরো প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে এবং রোগী দ্রুত সুস্থ হয়ে উঠছেন। সাত দিনের মধ্যেই তাকে হাসপাতাল থেকে ছাড়পত্র দেওয়া হতে পারে বলে আশা করা হচ্ছে।

এর আগে, ১৯ জুলাই রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে জামায়াতের জাতীয় সমাবেশে অংশগ্রহণ শেষে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন ডা. শফিকুর রহমান। তাৎক্ষণিকভাবে তাকে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। প্রাথমিক পরীক্ষায় বড় কোনো সমস্যা ধরা না পড়লেও পরবর্তী পরীক্ষায় তার হার্টে পাঁচটি ব্লক চিহ্নিত হয়, যার মধ্যে তিনটি ছিল মারাত্মক এবং বাকি দুটি ছিল প্রায় ৫০ শতাংশ পর্যন্ত ব্লকড।

মেডিকেল বোর্ড তাকে বিদেশে চিকিৎসা নেওয়ার পরামর্শ দিলেও, ডা. শফিকুর রহমান সিদ্ধান্ত নেন দেশের মধ্যেই চিকিৎসা করানোর। তিনি জানান, দেশের চিকিৎসা ব্যবস্থার ওপর সাধারণ মানুষের আস্থা বাড়তে তিনি এ সিদ্ধান্ত নিয়েছেন।

এই সফল অস্ত্রোপচারের পর তার রাজনৈতিক সহকর্মী ও অনুসারীদের মধ্যে স্বস্তি ফিরে এসেছে এবং তাকে দ্রুত সুস্থতা কামনা করে বিভিন্ন মহল শুভেচ্ছা জানিয়েছে।